দৈনিক ইত্তেফাক

03 JUL 1987 ... 3 ... 5 ...

১৮ই আষাঢ় ১৩৯৪বাং

031

# এস, এস সি পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রী



## সাকলায়েন কম্পিউটার বিজ্ঞানী হইবে

বগুড়া, ২রা জুলাই (নিজস্ব সংবাদদাতা) চলতি বছরে অনুষ্ঠিত রাজশাহী শিক্ষা বোর্ডের

শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)


## সাকলায়েন কম্পিউটার

(১ম পৃঃ পর)

অধীনে এস, এস, সি, পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র গোলাম সাকলায়েন সর্বমোট ৮৮৬ নাম্বার পাইয়া প্রথম স্থান লাভ করিয়াছে। সে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন বেলভূজা গ্রামের মোজাম্মেল হক ও বেগম মনোয়ারা খাতুনের ১ম পুত্র। জনাব মোজাম্মেল হক বগুড়াস্থ জোনাল সেটেলমেন্ট অফিসের সহকারী সেটেলমেন্ট অফিসার। গোলাম সাকলায়েন ভবিষ্যৎ জীবনে একজন কম্পিউটার বিজ্ঞানী হইবার আশা পোষণ করে।



কুমিল্লা বোর্ডে যুগ্মভাবে দ্বিতীয় সিলেট ক্যাডেট কলেজের কাজী মোহাম্মদ খালেদ। সে নবীনগরের ভোলাবাড়ীনিবাসী কাজী আল্লাউদ্দিনের পুত্র



কুমিল্লা জেলা স্কুলের রুবায়েত হাসান কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে দ্বিতীয়। সে স্কুল শিক্ষক হেদায়েতুল ইসলাম ও বেগম ইসমামের দ্বিতীয় পুত্র



কুমিল্লা বোর্ডে মেয়েদের মধ্যে যুগ্ম প্রথম নাজনীন আখতার জাহান লুবনা



কুমিল্লা বোর্ডে মেয়েদের মধ্যে যুগ্ম প্রথম মাহবুবা আকতার লিমা

## নিপু কম্পিউটার প্রকৌশলী হইবে

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান লাভ করিয়াছে সরকারী ল্যাবরেটরী হাইস্কুলের সাইফ আবদুল্লাহ হারুন ওরফে নিপু। সে কম্পিউটার প্রকৌশলী হইতে চায়। নিপু ৫টি বিষয়ে লেটার নম্বরসহ ৮৩৬ নম্বর পাইয়াছে। তাঁহার পিতা মোহাম্মদ আবদুল্লাহ হারুন পরিকল্পনা কমিশনের শিল্প বিভাগের যুগ্ম-প্রধান এবং মাতা মিসেস শামসুন্নেসা হারুন বাংলা দেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের ঢাকা গবেষণাগারে সিনিয়র সায়েন্টিফিক অফিসার। নিপু প্রথমশ্রেণী হইতে ল্যাবরেটরী

(৪র্থ পৃঃ দ্রঃ)

## আসলাম স্থপতি হইতে চায়

(ইত্তেফাক রিপোর্ট)

সম্মিলিত মেধা তালিকায় যশোর বোর্ডে তৃতীয় স্থান অধিকারী ক্যাডেট আসলাম খায়ের। সে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র। খায়ের ইঞ্জিনিয়ার মোহাম্মদ আবুল খায়েরের কনিষ্ঠ সন্তান। সে স্থপতি হইতে চায়।

## নিপু কম্পিউটার প্রকৌশলী হইবে

(৩য় পৃঃ পর)

স্কুলের ছাত্র, নবম শ্রেণী হইতে সে প্রথম/দ্বিতীয় স্থানে পরীক্ষায় উত্তীর্ণ হয়। নিপুর ইচ্ছা—ঢাকা কলেজে এইচ,এস-সি (বিজ্ঞান) অধ্যয়ন শেষে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার প্রকৌশল বিভাগে ভর্তি হওয়ার। ফুটবল প্রতিযোগিতায় সে অংশ নিয়াছে, ক্রিকেট বেশী প্রিয়, তবে প্রতিযোগিতায় খেলে না; গল্পের বই পড়া সখের বিষয়।




ঢাকা বোর্ডে যুগ্মভাবে তৃতীয় স্থান অধিকারী শামিম



ঢাকা বোর্ডে যুগ্মভাবে তৃতীয় স্থান অধিকারী ইশতিয়াক



মাধবপুর হাইস্কুলের মোহাম্মদ মজিবুর রহমান কুমিল্লা বোর্ডে মানবিক বিভাগে ১ম ও সম্মিলিত তালিকায় ১৭তম



কুমিল্লা বোর্ডে সম্মিলিত তালিকায় চতুর্থ কামরুল আবেদীন (সজল)